**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 01.06.2026** ` **Desk in Charge : SDG**

**Time: 7-50 PM** **Edit. & Compile.:- DSS**

**DEO: KB** **NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী -খবর পড়ছিঃ /

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১/ রাজ্য মন্ত্রিসভা, আজ সম্প্রসারিত হয়েছে। ৩৫ জন নতুন সদস্যকে মন্ত্রিসভার অন্তর্ভুক্ত করা হয়েছে। **#**এদের মধ্যে ১৩ জন পূর্ণমন্ত্রী, ৩ জন স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী এবং ১৯ জন প্রতিমন্ত্রী।

২/ 'অন্নপূর্ণা ভান্ডার' প্রকল্পে প্রথম পর্যায়ে, প্রাপকরা এ মাসের ৩ তারিখ অর্থাৎ বুধবার থেকে টাকা পেতে শুরু করবেন।

৩/ সুপ্রিম কোর্টের রায় মেনে কর্মচারীদের মহার্ঘ্যভাতা মিটিয়ে দেওয়া হবে বলে রাজ্য সরকার আশ্বাস দিয়েছে।

৪/ বিধানসভায় বিরোধী দলনেতা নির্বাচনের প্রস্তাবে তৃণমূল কংগ্রেসের পরিষদীয় দলের চিঠিতে সই জালিয়াতির অভিযোগ সম্পর্কে CID, ৫ সদস্যের সিট গঠন করেছে।
**#**পরিষদীয় দলের প্রস্তাবে বিধায়কদের স্বাক্ষর সংক্রান্ত অনিয়মের অভিযোগ জানানোয়, বিধায়ক ঋতব্রত বন্দ্যোপাধ্যায় ও সন্দীপন সাহাকে বহিষ্কার করল তৃণমূল কংগ্রেস।

৫/ সারা রাজ্যে আজ থেকে মহিলারা বিনামূল্যে সরকারি বাসে যাতায়াত করতে পারছেন।

৬/ মোহনবাগানকে হারিয়ে ইস্টবেঙ্গল 'পি সেন ট্রফি' ক্রিকেটের ফাইনালে উঠেছে।

*********************************************************************

রাজ্য মন্ত্রিসভা, আজ সম্প্রসারিত হয়েছে। রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি, লোকভবনে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ বিশিষ্ট জনদের উপস্থিতিতে ৩৫ জন নতুন মন্ত্রীকে শপথ বাক্য পাঠ করান। এদের মধ্যে ১৩ জন পূর্ণমন্ত্রী, ৩ জন স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী এবং ১৯ জন প্রতিমন্ত্রী। এর ফলে শুভেন্দু অধিকারীর নেতৃত্বে রাজ্যে নবগঠিত বিজেপি সরকারের মন্ত্রিসভার সদস্য সংখ্যা বেড়ে দাঁড়াল- ৪১ । পূর্ণমন্ত্রী হিসেবে শপথ নেন দীপক বর্মন, তাপস রায়, ডা. শঙ্কর ঘোষ, মনোজ কুমার ওরাওঁ, অর্জুন সিং, গৌরীশঙ্কর ঘোষ, স্বপন দাশগুপ্ত, জগন্নাথ চট্টোপাধ্যায়, কল্যাণ চক্রবর্তী, অজয় পোদ্দার, ডা. শারদ্বত মুখোপাধ্যায়, দুধকুমার মণ্ডল এবং অরূপ কুমার দাস। এছাড়া, স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী হলেন, ডা. ইন্দ্রনীল খাঁ, মালতী রাভা রায় এবং রাজেশ মাহাতো। প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন, জোয়েল মুর্মু, হরেকৃষ্ণ বেরা, আনন্দময় বর্মন, অশোক দিন্দা, নদিয়ারচাঁদ বাউরি, বিশাল লামা, শান্তনু প্রামাণিক, মৌমিতা বিশ্বাস মিশ্র, উমেশ রায়, পূর্ণিমা চক্রবর্তী, কৌশিক চৌধুরী, ভাস্কর ভট্টাচার্য, দিবাকর ঘরামী, অমিয় কিস্কু, কলিতা মাঝি, গার্গী দাস ঘোষ, বিরাজ বিশ্বাস, দীপঙ্কর জানা এবং সুমনা সরকার। নতুন মন্ত্রীদের দপ্তর পরে বন্টন করা হবে।

শিলিগুড়ির বিধায়ক ডক্টর **শঙ্কর ঘোষ** এবং মাটিগাড়া নকশাল বাড়ির বিধায়ক আনন্দময় বর্মণ মন্ত্রী হিসেবে শপথ নেওয়ায়, উত্তরবঙ্গের মানুষ আজ উৎসবে মেতে ওঠেন। বিজেপি কর্মী সমর্থকদের মধ্যেও দেখা যায় ব্যাপক উচ্ছ্বাস। পূর্ণমন্ত্রী হিসেবে শপথ গ্রহণের পর শঙ্কর ঘোষ জানালেন, রাজ্যের জনগণকে সঙ্গে নিয়ে, তাঁদের কল্যাণেই সরকার কাজ করবে। ( বাইট- শঙ্কর ঘোষ )

দলের প্রবীণ বিধায়ক **তাপস রায়**, তাঁকে মন্ত্রী হিসেবে নির্বাচিত করার জন্য বিজেপির শীর্ষ নেতৃত্ব ও মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানান।

( বাইট- তাপস রায়)

বিজেপির রাজ্য সভাপতি **শমীক ভট্টাচার্য**, নবনিযুক্ত মন্ত্রিসভার সদস্যদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

উল্লেখ্য, চৌঠা মে বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর ৯'ই মে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছিলেন শুভেন্দু অধিকারী। তাঁর সঙ্গে শপথ নেন আরও পাঁচ মন্ত্রী।

**************************

'অন্নপূর্ণা ভান্ডার' প্রকল্পে প্রথম পর্যায়ে, প্রাপকরা এ মাসের ৩ তারিখ অর্থাৎ বুধবার থেকে টাকা পেতে শুরু করবেন।

মুখ্যমন্ত্রী **শুভেন্দু** অধিকারী আজ নবান্নে সাংবাদিকদের জানান, প্রথম কিস্তিতে যোগ্য উপভোক্তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ৩ হাজার টাকা করে পাঠানো হবে। প্রতিদিন কয়েক লক্ষ আবেদন যাচাই করা হচ্ছে। যাঁরা নিজেরা আবেদনপত্র পূরণ করতে পারছেন না, তাঁদের বাড়িতে গিয়ে সরকারি কর্মীরাই ফর্ম পূরণে সাহায্য করবেন বলেও তিনি জানান।

এদিকে, নারী, শিশু বিকাশ ও সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন, ১২ পাতার আবেদনপত্র পূরণ করতে গিয়ে অনেকেই সমস্যায় পড়ছেন। তবে যেকোনো অসুবিধায় তিনি স্থানীয় পঞ্চায়েত, বিডিও অফিস অথবা পুরসভায় যোগাযোগের পরামর্শ দেন। যোগ্য আবেদনকারীরা প্রত্যেকেই অন্নপূর্ণা যোজনায় টাকা পাবেন বলে মন্ত্রী আশ্বস্ত করেছেন। ( বাইট- অগ্নিমিত্রা )

আবেদনপত্রের কোন বিভাগ পূরণের ক্ষেত্রে তথ্যগত ঘাটতি থাকলে, সেই জায়গায় "নট অ্যাপ্লিকেবল" লেখার কথা"ও উল্লেখ করেছেন তিনি। পরবর্তীকালে সরকারি অন্যান্য প্রকল্পের বাস্তবায়নের কাজে তথ্য সংগ্রহের জন্যই ১২ পাতার আবেদন পত্র তৈরি করা হয়েছে বলে অগ্নিমিত্রা পাল উল্লেখ করেন।

**************************

তৃণমূল কংগ্রেসের আমলে 'লক্ষ্মীর ভাণ্ডার', 'বিধবা ভাতা', 'বার্ধক্য ভাতা'-সহ একাধিক সামাজিক সুরক্ষা প্রকল্পে অনিয়মের অভিযোগ সম্পর্কে তদন্তের নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্নে সাংবাদিক বৈঠকে বলেন, প্রাথমিক যাচাইয়ে এমন বহু উপভোক্তার খোঁজ মিলেছে যাঁরা নিয়ম বহির্ভূতভাবে সরকারি ভাতা পাচ্ছিলেন। কোথাও পুরুষদের অ্যাকাউন্টে'ও লক্ষ্মীর ভান্ডার প্রকল্পের সুবিধা আবার

কোথাও ভুয়ো পরিচয়ে সামাজিক ভাতা নেওয়ার অভিযোগ সামনে এসেছে। ইতিমধ্যেই কয়েকজনকে গ্রেফতার করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানান।

( বাইট- শুভেন্দু )

শুভেন্দু আরো বলেন, পূর্বতন সরকারের আমলে উপভোক্তাদের তথ্য যাচাইয়ের ক্ষেত্রে ব্যাপক গাফিলতি ছিল। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে অনিয়মের তথ্য সামনে আসছে। পশ্চিম মেদিনীপুরে এক ব্যক্তির বিরুদ্ধে 'বিধবা ভাতা' নেওয়ার অভিযোগে ব্যবস্থা নেওয়া হয়েছে বলেও তিনি জানান।

**************************

সুপ্রিম কোর্টের রায় মেনে কর্মচারীদের মহার্ঘ্যভাতা মিটিয়ে দেওয়া হবে বলে রাজ্য সরকার আশ্বাস দিয়েছে। নবান্নে আজ বকেয়া মহার্ঘ্যভাতা নিয়ে বিভিন্ন কর্মচারী সংগঠনের সঙ্গে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর বৈঠকের পর সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ জানিয়েছেন, এব্যাপারে উদ্যোগ নেওয়ার জন্য মুখ্যমন্ত্রী, মুখ্যসচিব ও অর্থ সচিবকে নির্দেশ দিয়েছেন। ডিসেম্বর মাসের মধ্যে ৫০ হাজার স্থায়ী পদে নিয়োগের ব্যাপারেও তাঁদের মধ্যে কথা হয়েছে। এমাসের সাত তারিখের মধ্যে নিয়োগ নীতি ঘোষণা করা হবে বলেও মুখ্যমন্ত্রী তাঁদের আশ্বস্ত করেছেন বলে ভাস্করবাবু জানিয়েছেন। তিনি আরো জানান, কাটমানি, সিন্ডিকেট এবং দুর্নীতিমুক্ত প্রশাসন গড়ে তোলার লক্ষ্যে তারা সরকারকে সবরকম সহায়তা করবেন। শ্রী ঘোষ জানান, মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন, ২২ তারিখ রাজ্য সরকার যে বাজেট পেশ করবে, তাতে সরকারী কর্মচারীদের জন্য সুখবর থাকবে।

**************************

বিধানসভায় বিরোধী দলনেতা নির্বাচনের প্রস্তাবে তৃণমূল কংগ্রেসের পরিষদীয় দলের চিঠিতে সই জালিয়াতির অভিযোগ সম্পর্কে তদন্তকারী সংস্থা CID, ৫ সদস্যের সিট গঠন করেছে। এর নেতৃত্বে রয়েছেন DIG পদমর্যাদার আধিকারিক।

মুখ্যমন্ত্রী **শুভেন্দু** অধিকারী আজ নবান্নে সাংবাদিকদের বলেন, তৃণমূলের'ই দুই বিধায়কের অভিযোগের ভিত্তিতে হেয়ার স্ট্রিট থানায় FIR দায়ের করা হয়। মামলার দায়িত্ব তুলে দেওয়া হয় CID-র হাতে। মুখ্যমন্ত্রী আরো জানান, CID একাধিক বিধায়কের বয়ান ও স্বাক্ষর যাচাই করেছে। অন্তত তিনজন বিধায়ক জানিয়েছেন, ওই রেজোলিউশনে থাকা

স্বাক্ষর তাঁদের নয়। এই ঘটনাকে গুরুতর প্রতারণা আখ্যা দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, জালিয়াতি প্রমাণিত হলে ভারতীয় ন্যায় সংহিতার সংশ্লিষ্ট ধারায় কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে, এই ঘটনার তদন্তে CID আজ তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে তলব করলেও, শারীরিক অসুস্থতার কারণে তিনি হাজিরা দেননি। CID-কে চিঠি দিয়ে ১৫ দিন সময় চান। এরপরই সন্ধ্যায় CID-র একটি দল অভিষেকের বাড়িতে যায়। ১১ সদস্যের এই দলটি, অভিষেককে হাজিরার জন্য সাত দিন সময় দিয়ে একটি নোটিশ তাঁর হাতে তুলে দেন। ৮'ই জুন তাঁকে আবার হাজিরা দিতে বলা হয়েছে। অভিষেক স্বাক্ষর করে নোটিশের চিঠিটি গ্রহণ করার পর, CID আধিকারিকরা সেখান থেকে বেরিয়ে যান।

***************************

দলবিরোধী কাজের অভিযোগে উলুবেড়িয়া পূর্বের বিধায়ক ঋতব্রত বন্দ্যোপাধ্যায় এবং এন্টালির বিধায়ক সন্দীপন সাহাকে বহিষ্কার করেছে তৃণমূল কংগ্রেস। নবান্নে আজ এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, বিরোধী দলনেতা নির্বাচন নিয়ে তৃণমূল কংগ্রেসের পরিষদীয় দলের প্রস্তাবে বিধায়কদের স্বাক্ষর সংক্রান্ত অনিয়মের অভিযোগ জানিয়ে অধ্যক্ষকে চিঠি লিখেছিলেন এই দুই বিধায়ক। তার ভিত্তিতেই বিধানসভার সচিবালয় হেয়ার স্ট্রিট থানায় অভিযোগ দায়ের করে। এরপরই ঋতব্রত এবং সন্দীপনকে ইমেল ও হোয়াট্সঅ্যাপ মারফত দল থেকে বহিষ্কারের কথা জানানো হয়।

***************************

তৃণমূল কংগ্রেস নেতা-কর্মীদের প্রলোভন ও ভয় দেখিয়ে দল ভাঙার চেষ্টা হচ্ছে বলে দল নেত্রী, প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। সামাজিক মাধ্যমে আজ এক ভিডিও বার্তায় তিনি অভিযোগ করেন–রাজ্যে নতুন সরকার দুর্বল, গরীব মানুষদের ওপর অত্যাচার করছে। দরিদ্র হকারদের রুটি-রুজির ওপর আঘাত হানছে তারা। পরিকল্পনা করে তৃণমূল কংগ্রেসের আগামীকালের ধর্না কর্মসূচিতেও অনুমতি দেওয়া হয়নি বলে তাঁর দাবি।

***************************

বিজেপির কর্মীর বাড়িতে হামলা, লুটপাট, ভাঙচুর চালানো এবং পরিবারের লোকজনকে মারধরের পুরনো ঘটনায় পূর্ব বর্ধমান ১ নম্বর ব্লকে তৃণমূলের সভাপতি মানসকুমার ভট্টাচার্য ও দাপুটে নেতা শেখ জামালকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের আজ বর্ধমান সিজেএম আদালতে পেশ করা হলে চারদিনের পুলিশি হেপাজতে পাঠানোর নির্দেশ দেওয়া হয়।

*****************************

বিজেপি-র নির্বাচনী ইস্তাহারে দেওয়া প্রতিশ্রুতি মতোই রাজ্য সরকারের নির্দেশ অনুসারে আজ থেকে সারা রাজ্যে মহিলারা বিনামূল্যে সরকারি বাসে যাতায়াত করতে পারছেন। আধার কার্ড, ভোটার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, প্যান কার্ড, ভারতীয় পাসপোর্ট, সহ ১১টি প্রমাণপত্রের যেকোন একটি দেখালেই ইস্যু করা হচ্ছে জিরো ভ্যালু টিকিট। পরে মহিলা যাত্রীদের জন্য বিশেষ স্মার্ট কার্ড চালু করা হবে।

*****************************

মোহনবাগানকে হারিয়ে ইস্টবেঙ্গল পি সেন ট্রফি ক্রিকেটের ফাইনালে উঠেছে। কলকাতায় আজ দু দলের মধ্যে সেমিফাইনাল ম্যাচটি টাই হওয়ায় সুপার ওভারে নিষ্পত্তি হয়। ইস্টবেঙ্গল প্রথনে ব্যাট করে সব উইকেট হারিয়ে ২৯১ রান করেছিল। জবাবে মোহনবাগান ৮ উইকেটে একই রান সংগ্রহ করে। এরপর সুপার ওভারে মোহনবাগান এক ওভারে বিনা উইকেটে ১৪ রান করে। ইস্টবেঙ্গল এক উইকেটে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। ফাইনালে ইস্টবেঙ্গল টাউন ক্লাবের বিরুদ্ধে খেলবে।

******************************************************************************